দৈনিক ইনকিলাব

# অপহরণের ঘটনায় জড়িত থাকার অভিযোগে ঢাবির ৪ ছাত্র বহিষ্কৃত

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : অপহরণ ও মুক্তিপণ আদায়ের ঘটনায় জড়িত থাকার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হলের চারজন ছাত্রকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়েছে।

বহিষ্কৃতরা হলেন, পদার্থ বিজ্ঞান ২য় বর্ষের ছাত্র মোঃ মাসুদুল হক, পরিসংখ্যান ২য় বর্ষের ছাত্র আশরাফুল আলম আজাদ, পদার্থ বিজ্ঞান ৩য় বর্ষের ছাত্র মোঃ সাব্বির হাসান এবং ফার্মেসি ৩য় বর্ষের ছাত্র মোঃ তাজুল ইসলাম।

বহিষ্কৃত ৪ জনের মধ্যে মাসুদুল হক এবং আশরাফুল আলম আজাদকে সরাসরি অপহরণের সঙ্গে জড়িত থাকার অভিযোগে এবং সাব্বির হাসান ও তাজুল ইসলামকে তাদের আবাসিক কক্ষ শহীদুল্লাহ হলের ২০২৪ নম্বরকে অপহরণ ও মুক্তিপণ আদায়ের স্থান হিসেবে ব্যবহার করায় বহিষ্কার করা হয়েছে। তবে মোঃ সাব্বির হাসানের ৩য় বর্ষের সম্মান শ্রেণীর ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা বাকি থাকার কারণে তার বহিষ্কারাদেশ কেবলমাত্র এই পরীক্ষার জন্য প্রযোজ্য হবে না। তবে বহিষ্কারাদেশ সম্পর্কে পরবর্তী সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত তার পরীক্ষার ফলাফল প্রকাশ স্থগিত থাকবে।

প্রসঙ্গত, ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ গত মঙ্গলবার দিবাগত রাতে ঢাবির শহীদুল্লাহ হলের ২০২৪ নম্বর কক্ষ থেকে অপহৃত দুই যুবক নাজমুল সাদাত ● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৩

## অপহরণের ঘটনায় জড়িত থাকার

● শেষের পাতার পর

সাদি এবং তার ফুপাতো ভাই ইমরান মাহফুজ ইমনকে উদ্ধার করে মাসুদুল হক এবং আজাদসহ মোট ৪ জনকে গ্রেপ্তার করে। মোহাম্মদপুরের তাজমহল রোড এলাকা থেকে কয়েকজন যুবক গত সোমবার সাদি ও ইমনকে অপহরণ করে শহীদুল্লাহ হলে নিয়ে আসে।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক নজরুল ইসলাম এবং শহীদুল্লাহ হলের প্রাধ্যক্ষ আবুল খায়েরের সমন্বয়ে দুই সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে আগামী ৩ দিনের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।